গাংনীর হিজলবাড়িয়া কেন্দ্রে ৩ জাল ভোটারের জরিমানা

জাল ভোট দিতে এসে জিল্লুর রহমান (১৭), বাচ্চু হোসেন (১৭) এবং শাওন হোসেন(১৭) নামের তিন যুবক আটক করার পর ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে জরিমানা করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের হিজল বাড়িয়া কেন্দ্রে এ ঘটনা ঘটে। দণ্ডিত জিল্লুর রহমান হিজলবাড়িয়া গ্রামের আবদুল মতিনের ছেলে, বাচ্চু একই গ্রামের আব্দুল মোমিনের ছেলে এবং শাওন আব্দুল মালেকের ছেলে।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মৌসুমী খানম ভ্রাম্যমাণ আদালত বসিয়ে ইউনিয়ন পরিষদ নির্বাচন ২০১১ এর ৩১(২) ধারায় তিন যুবকের নিকট থেকে ৫ হাজার টাকা জরিমানা আদায় করেন।

এর আগে মেহেরপুর ডিবি পুলিশের এসআই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে আইন শৃঙ্খলা রক্ষা বাহিনীর সদস্যরা ওই তিন ভুয়া ভোটার কে গ্রেপ্তার করেন।

কোমরপুরে পরিস্থিতি নিয়ন্ত্রণে ফাঁকা গুলি

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের কোমরপুর পশ্চিম পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে প্রতিদ্বন্দ্বী দুই প্রার্থীর এজেন্টের মধ্যে কথা-কাটাকাটির জের ধরে উত্তেজনা নিয়ন্ত্রণে আনতে পুলিশ ৪ রাউন্ড ফাঁকা গুলি ছুড়েছে। প্রায় ৩০ মিনিট ভোট বন্ধ থাকার পর পুনরায় ভোটগ্রহণ শুরু হয়।এসময় নৌকার ২ এজেন্টকে পুলিশ হেফাজতে নেয়।

আজ বৃহস্পতিবার মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের কোমরপুর

কেন্দ্রে দায়িত্ব পালনকালে প্রিজাইডিং কর্মকর্তার মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে ইউনিয়ন পরিষদ নির্বাচনে দায়িত্বপালন করতে গিয়ে কেন্দ্রে এক প্রিজাইডিং কর্মকর্তার মৃত্যু হয়েছে। তার নাম জয়নাল আবেদিন।

বুধবার দিনগত রাত সোয়া ১২টার দিকের মিরপুর উপজেলার কুর্শা ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড রামনগর তিঁতুতলা কেন্দ্রে তিনি হঠাৎ অসুস্থ হয়ে মারা যান।

মৃত জয়নাল আবেদিন মিরপুর উপজেলার আমলা ইউনিয়নের নিমতলা কলেজের শিক্ষক ছিলেন। ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে তিনি ওই কেন্দ্রের প্রিজাইডিং অফিসার হিসেবে দায়িত্ব পান।

কেন্দ্রের সহকারী প্রিজাইডিং অফিসার আনোয়ারুল ইসলাম জানান, রাত সাড়ে ১১টার দিকে প্রিজাইডিং কর্মকর্তা জয়নাল আবেদন শরীর ভালো না বলে জানায়। পরে শুনি শ্বাস নিতে কষ্ট হচ্ছে। এরপর তিনি শুয়ে পড়েন এবং আস্তে আস্তে নিস্তেজ হয়ে যান। স্থানীয় চিকিৎসককে খবর দিলে তিনি এসে তাকে মৃত বলে ঘোষণা করেন।

কুর্শা ইউনিয়ন নির্বাচনের রির্টানিং কর্মকর্তা নুরুল ইসলাম নান্নু জানান, হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে কুর্শা ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড কেন্দ্রের প্রিজাইডিং কর্মকর্তার মৃত্যুর সংবাদ পেয়েছি। বিস্তারিত পরে জানানো যাবে।

তবে স্থানীয়দের ধারণা, নির্বাচন নিয়ে প্রার্থীর চাপে ভয় পেয়ে তার মৃত্যু হতে পারে। ওই ইউনিয়নে আওয়ামী লীগ, জাসদ ও আওয়ামী লীগের স্বতন্ত্র প্রার্থীদের মধ্যে একাধিকবার আধিপত্য বিস্তার নিয়ে হামলার ঘটনা ঘটেছে।

মুজিবনগরে ইউপি নির্বাচনে ভোট গ্রহন শুরু

মুজিবনগর উপজেলায় মোট ৪ টি ইউনিয়নে সকাল ৮ টা থেকে ভোট গ্রহন শুরু হয়েছে। দ্বিতীয় ধাপে ইউপি নির্বাচনে ভোট গ্রহণ শুরু হয়। আজ বৃহস্পতিবার (১১নভেম্বর) ভোট গ্রহন শুরু হয় সকল ৮ টায়। ভোট গ্রহণ চলবে বিকাল ৪ টা পর্যন্ত।
বৃহস্প্রতিবার সকাল থেকেই ধিরে ধিরে ভোটারদের লাইন বারতে চলেছে। তবে সকালের দিকে পুরুষ ভোটারদের তুলনায় মেয়ে ভোটারদের চাপ একটু বেশি।
এদিকে সুষ্ঠভাবে ভোট শেষ করতে প্রতিটি কেন্দ্রে প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসার এবং প্রয়োজনীয় সংখ্যক আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের নিয়োগ করা হয়েছে।
মুজিবনগর উপজেলায় চেয়াম্যান পদে প্রতিদ্বন্দীতা করছেন ২০ জন, সাধারণ সদস্য (পুরুষ) পদে ১ শ ১৪৩ জন, সংরক্ষিত সদস্য(নারী) পদে ৪২ জন।
মুজিবনগর উপজেলার মোট ৪০টি ভোট কেন্দ্রে বুথ করা েহেয়ছে ২৪০ টি। চারটি ইউনিয়নে পুরুষ ৩৯ হাজার ৯১৩জন এবং মহিলা ভোটার রয়েছে ৪০ হাজার ৫৪২জন।
৪ টি ইউনিয়নের মধ্যে বাগোয়ান ইউনিয়নে এই প্রথম বারের মত ইভিএম পদ্ধতিতে ভোট গ্রহন অনুষ্ঠিত হয়।

গাংনীর সাহারবাটির ধর্মচাকী ভোট কেন্দ্রে বাঁধার অভিযোগ

গাংনীর সাহারবািটিইউনিয়নের ভোমরদহ সরকারী প্রাথমিক বিদ্যালেয় কেন্দ্রে ভোট দানে বাধা দানের অভিযোগ পাওয়া গেছে।

সকালে ভোট শুরু হওয়ার পরপরই নৌকা সমর্থিত প্রার্থীর লিখন হোসেন নামের এক কর্মি বিদ্রোহী প্রার্থীর ভোটারদের ভোট কেন্দ্রে বাধা প্রদান করেন। পরে স্থানীয় সাংবাদিক ও প্রশাসনের

লোকজন যাওয়াতে পালিয়ে যায় লিখন হোসেন।

এ প্রসঙ্গে নৌকার প্রার্থী মশিউর রহমান জানান, তার লোকজন এটা করেনি। তিনি বলেছেন ভোট প্রতিটি কেন্দ্রে সুষ্ঠভাবেই শুরু হয়েছে।এখানে কোনো ঝামেলা নেই। তবে হিজলবাড়িয়া কেন্দ্রটি ঝুকিপূর্ণ বলেও মন্তব্য করেন তিনি।

মেহেরপুরের ৯ ইউনিয়নে ভোট গ্রহণ শুরু

মেহেরপুরের দুটি উপজেলায় মোট ৯টি ইউনিয়নে সকাল ৮ টা থেকে ভোট গ্রহন শুরু হয়েছে। দ্বিতীয় ধাপে ইউপি নির্বাচনে ভোট গ্রহণ শুরু হয় আজ বৃহস্পতিবার (১১নভেম্বর) সকল ৮ টায়। ভোট গ্রহণ চলবে বিকাল ৪ টা পর্যন্ত।

মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মুহাম্মদ আবু আনসার জানায়, মুজিবনগর উপজেলার ৪ টি ও গাংনী উপজেলায় ৫টি ইউনিয়নে সকাল ৮ টা থেকে শুরু হয়েছে। সে অনুযায়ি প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসার এবং প্রয়োজনীয় সংখ্যক আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের নিয়োগ করা হয়েছে।

দুটি উপজেলায় চেয়াম্যান পদে প্রতিদ্বন্দীতা করছেন ৫১ জন, সাধারণ সদস্য (পুরুষ) পদে ৩শ ৩৩ জন, সংরক্ষিত সদস্য(নারী) পদে ৯৯জন।

মুজিবনগর উপজেলার মোট ৪০টি ভোট কেন্দ্রে বুথ করা েহেয়ছে ২৪০ টি। চারটি ইউনিয়নে পুরুষ ৩৯ হাজার ৯১৩জন এবং মহিলা ভোটার রয়েছে ৪০ হাজার ৫৪২জন।

গাংনী উপজেলার ৫টি ইউনিয়নে কেন্দ্র ভোট কেন্দ্র হয়েছে ৪৭টি। মোট ৩৪৬ বুথের মধ্যে স্থায়ী-৩২৭,অস্থায়ী বুথ ১৯টি। ৫টি ইউনিয়নের মোট ভোটার সংখ্যা ১ লাখ ১৮ হাজার৭২৫জন। এদের মধ্যে পুরুষ ভোটার সংখ্যা ৫৮ হাজার ৮৯৫ এবং নারী ভোটার সংখ্যা ৫৯ হাজার

৮২৯জন। প্রতিকেদ্◌্◌ের পুলিশ চারজন,আনসান ১৭জন এবং প্রতি ইউনিয়নে একজন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট নিযোজিত রয়েছেন। স্থানীয় ভোটাররা জানান, তারা সুষ্ঠ্যভাবে তাদেও পছন্দেও প্রার্থীদেও ভোট প্রদান করতে পেরেছেন।

মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার অপু সারোয়ার বলেন, সুন্দও ও সুষ্ঠ্য পরিবেশে ভোট শুরু হয়েছে। কোন প্রকার অপ্রীতিকর ঘটনা ছাড়ায় ইউনিয়ন পরিষদ নির্বাচন হচ্ছে। ভোটারদেও নিরাপত্তায় আইনশৃংখলা বাহিনী মাঠে কাজ করছে।

গাংনীতে আগ্নেয়াস্ত্রসহ মুকুল আটক

এক রাউন্ড গুলি, একটি ম্যাগজিন ও বিদেশী পিস্তলসহ বহুল আলোচিত সাহারবাটি গ্রামের মুকুল হোসেনকে গ্রেফতার করেছে র্যাব-৬ গাংনী ক্যাম্পের একটি টীম।

গ্রেফতারকৃত মুকুল হোসেন গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের চারচারা পাড়া এলাকার নেক মহম্মদের ছেলে।

বুধবার (১০ নভেম্বর) বিকালে সাহারবাটি-গাংনী রোডের ইবাদৎখানা এলাকা থেকে মুকুল হোসেনকে গ্রেফতার করে র্যাবের একটি দল।

এসময় তার কাছ থেকে এক রাউন্ড গুলি, একটি ম্যাগজিন, একটি বিদেশী পিস্তল, নগদ ৬ হাজার ১৬০ টাকা ও একটি বাটন মোবাইল ফোন উদ্ধার করা হয়।

র্যাব-৬ গাংনী ক্যাম্পের কমান্ডার এএসপি তারিক আমান বান্না জানান, মুকুল হোসেন পিস্তুল নিয়ে গাংনীর দিকে আসছেন এমন সংবাদের ভিত্তিতে সাহারবাটি গ্রামের সন্নিকটে ইবাদৎখানা এলাকায় অবস্থান নেয় র্যাবের একটি টিম। র্যাবের উপস্থিতি টের পেয়ে মুকুল পালানোর চেষ্টা করে। পরে তাকে আটক করতে সক্ষম হয় র্যাবের টিমটি। তার দেহ তল্লাশী করে আগ্নেয়াস্ত্র, গুলি ভর্তি ম্যাগজিন নগদ টাকা ও একটি

মোবাইল ফোন উদ্ধার করা হয়। তাকে প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে আগ্নেয়াস্ত্র আইনে মামলা দিয়ে রাতে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।

স্থানীয়রা জানান, মুকুল হোসেন বর্তমানে একজন সুদ ও দাদন কারবারী। এক সময় সে র্যাবের দালাল পরিচয় দিয়ে নানাভাবে এলাকার নিরীহ মানুষ জনকে হয়রানী করতো। সেই বহুল আলোচিত মুকুল হোসেন আজ র্যাবের হাতে আগ্নেয়াস্ত্রসহ আটক হওয়ার খবরে এলাকায় চরম আলোচনা শুরু হয়েছে।

শৈলকুপায় নিখোঁজের ১০ দিন পর মিলল কৃষকের মরদেহ

ঝিনাইদহের শৈলকুপায় দশ দিন আগে নিখোঁজ মিজানুর রাহমান নামের এক কৃষকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ । আজ বুধবার সকাল ৯টার দিকে উপজেলার যুগিপাড়া গ্রামের একটি মেহগনি বাগান থেকে মরদেহ উদ্ধার করা হয়।

মৃত মিজানুর রহমান মিঠু (৫০) ওই গ্রামর আজব আলি বিশ্বাসের ছেলে। শৈলকুপা থানার অফিসার ইনচার্জ রফিকুল ইসলাম জানান, গত ১ নভেম্বর রাতের খাবার খেয়ে ৯টার দিকে বাড়ি থেকে বের হয়ে আর ফেরেননি মিজানুর। এরপর পরিবারের লোকজন অনেক খোঁজাখুজি করে ও তার কোনো সন্ধান না পেয়ে গত ৪ নভেম্বর থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেন। বূধবার সকালে গ্রাম বাসী বাড়ির পাশের মেহগনি বাগানে মিজানুরের মরদেহ পড়ে থাকতে দেখে থানায় খবর দিলে পুলিশ গিয়ে উদ্ধার করে। নিহত মিজানুর রহমান কৃষি কাজে পাশাপাশি বিয়ের ঘটকালী করতেন। স্থানীয়দের ধারনা ঘটকালীকে কেন্দ্র করে এই গুম ও হত্যাকান্ড ঘটতে পারে। ঝিনাইদহ পুলিশের শৈলকুপা সার্কেল আবুল বাশার জানান, প্রাথমিক ভাবে ধারণা করা ষড়যন্ত্র মুলক ভাবে হত্যা কান্ড ঘটানো হয়েছে।

ঝিনাইদহে ইউপি নির্বাচনে আলোচনায় সাবেক ছাত্রলীগ নেতারা

আসন্ন ইউপি নির্বাচনে ঝিনাইদহে আলোচনায় এখন ছাত্রলীগের সাবেক নেতারা। বিশেষ করে তিন নেতার মুখচ্ছবি ভাসছে ইউনিয়নে ইউনিয়নে। জেলা ছাত্রলীগের সংগঠনের নেতৃত্ব দেওয়া এই ৩ নেতাকে হেবিওয়েট প্রার্থী হিসেবে বিবেচনা করা হচ্ছে। নেতৃত্ব তৈরিতে এবার ইউপি নির্বাচনে সাবেক ছাত্রলীগ নেতাদের প্রাধান্য দেওয়ার কথা দলীয় ফোরামে আলোচনায় রয়েছে।

সারাদেশে অনুপ্রবেশকারীদের ভীড়ে আশাজাগানিয়া হিসেবে দেখছেন জেলা ও উপজেলা পর্যায়ের নেতৃবৃন্দ। ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও কেসি কলেজের সর্বশেষ জিএস আতিকুল হাসান মাসুম সদর উপজেলার ৬ নং গান্না ইউনিয়নে প্রার্থী হবেন বলে নিজেকে প্রস্তুত করছেন। দিন রাত এলাকায় পরিশ্রম করছেন। যাচ্ছেন ভোটারদের বাড়ি বাড়ি। জনসভা ও গনসংযোগের মাধ্যমে মাসুম গান্না ইউনিয়নে পরিচিতি লাভ করেছেন।

অবশ্য তার পারিবারিক ঐতিহ্য রয়েছে ইউনিয়নটিতে। জেলা ছাত্রলীগের সাবেক আহবায়ক যুবলীগ নেতা শফিকুল ইসলাম শিমুল ১০ নং বগুড়া ইউনিয়নে নির্বাচন করবেন বলে প্রস্তুত হচ্ছে। নেতৃত্বের দক্ষতা তাকে অনেক আগেই পরিচিত করেছে মানুষের কাতারে। জেলা যুবলীগের যুগ্ম সম্পাদক হিসেবে সামলাচ্ছেন অনেক দায়িত্ব। জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি শাকিল আহমেদ ১৩ নং উমেদপুর ইউনিয়নে ভোট করবেন বলে প্রচার শুরু করেছেন।

তারুন্য দীপ্ত নেতৃত্ব গড়তে তার কাতারে অনেকেই সামিল হচ্ছে। ৫নং কাচেরকোল ইউনিয়নে বর্তমান চেয়ারম্যান সালাউদ্দিন জোয়ার্দার মামুন ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক সাধারণ সম্পাদক আসন্ন নির্বাচনে কাঁচেরকোল ইউনিয়ন থেকে মননোয়ন চাচ্ছেন িএবেণী ইউনিয়ন পরিষদ থেকে ইসলামী বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক সাধারণ

সম্পাদক এ্যাড- শামসুল ইসলাম তুহিন । জেলা ছাত্রলীগের সাবেক নেতা শাহাবুদ্দিন সাবুসহ শৈলকুপা উপজেলা ছাত্রলীগের জাহিদুল ইসলাম জাহিদ, এনজিও কর্মী টিএ রাজু, মোস্তাফিজুর রহমান মোস্তাক, জুলফিকার আলী কায়সার টিপু ও মোস্তফা হোসেন।

হরিণাকুন্ডুু উপজেলার ৩ নং তাহেরহুদা ইউয়নিয়নে নৌকার মনোনয়ন চান ফিরোজ সালাউদ্দিন। তিনি ইসলামী বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের নেতা ছিলেন। দৌলতপুর ইউনিয়নে মনোনয়ন চান মাজেদুল হক তিনি জেলা ছাত্রলীগের অর্থ বিষয়ক সম্পাদক ছিলেন, হরিণাকুন্ডু উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি রফিকুল ইসলাম দৌলতপুর ইউনিয়ন থেকে দলীয় মনোনয়ন চাচ্ছেন। উপজেলার ফলসি ইউনিয়নে মনোনয়ন চাচ্ছেন উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি রাজু এবং জেলা ছাত্রলীগের সহসভাপতি রাসেল হোসেন। ঝিনাইদহ সদর উপজেলার ১৫ নং কালীচরণপুর ইউনিয়নে মনোনয়ন চাচ্ছেন ঝিনাইদহ পৌর ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জাহাঙ্গীর হোসাইন।

এছাড়াও সদর উপজেলায় অনেকেই রয়েছেন যারা ইউনিয়ন পর্যায়ে ছাত্রলীগ করেছেন। ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের বর্তমান সভাপতি ও সাধারণ সম্পাদক দুজনেই ছাত্রলীগ থেকে উঠে আসা। বর্তমানে জেলা আওয়ামী লীগের বয়স্ক জ্যেষ্ঠ নেতারা বয়সের ভারে শারীরিক সমস্যায় ভুগছেন। দক্ষ নেতৃত্ব তৈরী ও দলের প্রতি আনুগত্য বজায় রাখতে হলে সাবেক ছাত্রলীগ নেতাদের মুল্যায়ন এখন জরুরী বলেও অনেকে মনে করেন। ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি বর্তমান জেলা আওয়ামী লীগের সহভাপতি তৈয়ব আলী জোয়ার্দার বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্টের পর ও ২০০১ সাল পরবর্তী ছাত্রলীগের রাজনীতি খুব কঠিন ছিল। এই দুই সময়ে যারা ছাত্রলীগ করেছে তাদের জিয়া, এরশাদ ও বিএনপি সরকারের নির্যাতন ও মিথ্যা মামলা সহ্য করতে হয়েছে।

এখন জেলা আওয়ামী লীগের অনেক নেতা প্রবীণ হয়েছেন ছাত্রলীগ থেকে আসা পরীক্ষিতদের আওয়ামী লীগে নিয়ে আসতে হবে। জনপ্রতিনিধি তৈরি করতে হবে। ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও কেসি কলেজের জিএস আতিকুল হাসান মাসুম বলেন, এখন অনেকেই সোনার চামচ মুখে দিয়ে ছাত্রলীগ করছেন। আমরা ক্ষমতার মুখ দেখতে পারিনি। ২০০১ সালের পরে জেলায় যেখানেই খুন-খারাপি হোক আমরা আসামি হয়েছি। জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আহাদুর রহমান খোকন বলেন, ১৫ আগস্টের পর আওয়ামী লীগ, ছাত্রলীগের নাম বললেই অত্যাচার করা হতো। ১৯৯৬ সালে আওয়ামী লীগ ক্ষমতায় আসলেও ঝিনাইদহে আওয়ামী লীগের পরাজয় হয়।

ঝিনাইদহে আওয়ামী লীগের প্রথম বিজয় ছিল সরকারি কেসি কলেজের ছাত্র সংসদ নির্বাচনে। এখন সময় এসেছে পরীক্ষিত নেতাদের মুল্যায়ন করা। জেলা ছাত্রলীগের সাবেক আহবায়ক ও কেসি কলেজের এজিএস শফিকুল ইসলাম শিমুল বলেন, প্রধানমন্ত্রীর কাছে দাবী ইউপি নির্বাচনে কোন অনুপ্রবেশকারী, সরকারী অনুদান বিক্রয়কারী, আওয়ামী লীগ ও সংখ্যালঘু নির্যাতনকারী যেন নৌকার মনোনয়ন না পায়।

মেহেরপুরে ৯ ইউনিয়নে ভোট গ্রহণের সরঞ্জামাদি বিতরণ

মেহেরপুরের দ্বিতীয় ধাপে ইউপি নির্বাচনে ভোট গ্রহণের সকল সরঞ্জামাদি বিতরণ করেছে মেহেরপুর জেলা নির্বাচন অফিস। আজ বুধবার সকাল থেকে বিকেল পর্যন্ত এসব সরঞ্জামাদি বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মুহাম্মদ আবু আনসার জানায়, মুজিবনগর উপজেলার ৪ টি ও গাংনী উপজেলায় ৫টি ইউনিয়নে ভোট গ্রহণ করা হবে ১১ নভেম্বর বৃহস্পতিবার। সে অনুযায়ি প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসার এবং প্রয়োজনীয় সংখ্যক আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য নিয়োগ করা হয়েছে।
মুজিবনগর উপজেলার মোট ৪০টি ভোট কেন্দ্রে বুথ হবে ২৪০ টি। চারটি ইউনিয়নে পুরুষ ৩৯ হাজার ৯১৩জন এবং মহিলা ভোটার রয়েছে ৪০ হাজার ৫৪২জন।
গাংনী উপজেলার ৫টি ইউনিয়নে কেন্দ্র হবে ৪৭টি।প্রতিকেদ্◌্◌ের পুলিশ চারজন,আনসান ১৭জন এবং প্রতি ইউনিয়নে একজন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট থাকবেন।